

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি-

জনাব ডুপালী সরকার

উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

সভার তারিখ-১৭/০৩/২০২৫ সময়- ১১-০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট ক

অধ্যাকার সভায় সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে আজকের সভার আলোচ্য বিষয় সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনিতা মল্লিক সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে অত্র উপজেলায় ১৮৮৪ জন নারীকে ভিডাট্রিউবি কর্মসূচীর আওতায় ৩০কেজি করে ২ বৎসর খাদ্য সহায়তা দেয় সরকার। এ ছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে মাসিক ৫টি করে এবং পৌরসভায় মাসিক ৯টি করে দরিদ্র গর্ভবতী নারীকে অনলাইনে আবেদন এর মাধ্যমে ভাতা কর্মসূচী আসে। তারা মাসিক ৮০০/টাকা করে ৩ বৎসর এই কর্মসূচীর আওতায় ভাতা পায়। নারী নির্যাতন ও বাল্য বিবাহ রোধে সচেতনতা মূলক উঠান বৈঠক করা হয়। প্রতি মাসে অত্র কার্যালয়ের উপকার ভোগীদের নিয়ে এই উঠান বৈঠক করা হয়। অত্র কার্যালয়ের মাধ্যমে শিশু কিশোরদের সুনামগরিক হিসাবে গড়ে তোলার লক্ষ্যে কিশোর কিশোরী ক্লাব পরিচালিত হচ্ছে। ২০ জন বালিকা ও ১০ জন বালক নিয়ে এই ক্লাব পরিচালিত হচ্ছে। অত্র উপজেলায় মোট ১২টি ক্লাবে ৩৬০ জন সদস্য আছেন। সপ্তাহে দুইদিন এই ক্লাবে তাদের আবৃত্তি সংগীত ও জীবন দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ দেয়া হয় এবং তাদেরকে স্বাস্থ্য বিষয়ক সচেতনতা ও করা হয়। এ ছাড়া নারীদের পারিবারিক সহিংসতা প্রতিরোধে স্থানীয় ভাবে অভিযোগ নিয়ে তাদের শুনানীর মাধ্যমে অভিযোগ মীমাংসার চেষ্টা করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর নারীর অধিকার, স্বাবলম্বী, নারী নির্যাতন প্রতিরোধ ও ক্ষমতায়নের জন্য নিরবচ্ছিন্ন ভাবে কাজ করে। চেয়ারম্যান/প্রশাসক নির্বাসখোলা সভায় জানান ইদানিং দেখা যাচ্ছে যে স্কুল পড়ুয়া ছেলেমেয়েরা প্রেম করে পালিয়ে গিয়া বিয়ে করছে। তাই অভিভাবকরা বাধ্য হয়েই অনেক সময় বাল্য বিবাহ দিতে যাচ্ছে।

সভায় সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত ০৪ ১। মাধ্যমিক বিদ্যালয় গুলিতে সপ্তাহে /মাসে অন্তত পক্ষে একটা বাল্যবিবাহের ক্ষতিকর দিক তুলে ধরে সচেতনতা মূলক ক্রাস নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ২। ০৪ প্রজনন স্বাস্থ্য সুরক্ষার জন্য স্বাস্থ্য সচেতনতামূলক প্রশিক্ষণ ও বালিকা বিদ্যালয় গুলিতে স্যানিটারী ন্যাপকিন বিতরণের জন্য একটা প্রকল্প গ্রহনের প্রস্তাব উপজেলা সাধারণ সভায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি


উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ঝিকরগাছা, যশোর।

স্মারক নং-৩২.০১.৪১২৩.০০০০.১৬.০১১.৯৮/

তারিখ: -----১০/১৫/১৬

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা-----কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
- ৫। চেয়ারম্যান/প্যালে চেয়ারম্যান/প্রশাসক, (সকল)-----ইউপি, ঝিকরগাছা, যশোর।
- ৭। অফিস কপি।


(অনিতা মল্লিক)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ঝিকরগাছা, যশোর।